



## নোটিশ

এতদ্বারা ইউনিক প্রগ্রেসিভ স্কুল, ময়মনসিংহ ও প্রগ্রেসিভ নার্সারী স্কুল, ময়মনসিংহ -এর সকল ছাত্র/ছাত্রী এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহান বিজয় দিবস, ২০২৪ উদযাপন উপলক্ষে মুসলিম ইনস্টিটিউট, ময়মনসিংহ চিত্রাঙ্কন, আবৃত্তি, উপস্থিত বক্তৃতা ও প্রবন্ধ প্রতিযোগিতার আয়োজন করেছে। আগামী ১৫ ডিসেম্বর, ২০২৪ খ্রি. রোজ রবিবার সকাল ৯টায় মুসলিম ইনস্টিটিউট অডিটোরিয়ামে এ আয়োজন অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগিতায় কোন শিক্ষার্থী অংশ গ্রহণ করতে চাইলে সম্মানিত অভিভাবক নিজ দায়িত্বে নিয়ে যাবেন।

প্রতিযোগিতার বিষয়, সময়সূচি ও নিয়মাবলি :

চিত্রাঙ্কন প্রতিযোগিতা :

গ্রুপ	অঙ্কনের বিষয়	তারিখ ও সময়
'ক' গ্রুপ : নার্সারী হতে তৃতীয় শ্রেণি পর্যন্ত	"গণঅভ্যুত্থান প্রেক্ষিত/২০২৪"	১৫/১২/২০২৪, সকাল ৯টা

কবিতা আবৃত্তি প্রতিযোগিতা :

গ্রুপ	অঙ্কনের বিষয়	তারিখ ও সময়
'খ' গ্রুপ : তৃতীয় শ্রেণি হতে ষষ্ঠ শ্রেণি পর্যন্ত	"স্বাধীন বাংলাদেশ" কবি- অনিন্দ্য টিটো	১৫/১২/২০২৪, সকাল ১০টা

উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা :

গ্রুপ	বিষয় : লটারির মাধ্যমে নির্ধারিত হবে	তারিখ ও সময়
'গ' গ্রুপ : সপ্তম শ্রেণি হতে দশম শ্রেণি পর্যন্ত	"রাজনীতি ও নৈতিকতা, ব্যক্তি ও ব্যক্তিত্ব, সভ্যতার ইতিহাস, সময়ের মূল্য, মূল্যবোধের অবক্ষয়, মেধার মূল্যায়ন, মানুষ ও মনুষ্যত্ব, জীবন ও জীবনবোধ, ইচ্ছার শক্তি, আধুনিকতার উত্থান ও পতন, আদর্শবোধ	১৫/১২/২০২৪, দুপুর ১২টা

### স্বাধীন বাংলাদেশ

#### - অনিন্দ্য টিটো

স্বাধীনতার জন্যে সেদিন  
যুদ্ধ হলো দেশে,  
যুদ্ধ করে আমরা স্বাধীন  
হলাম অবশেষে।  
প্রাণ দিয়েছে লাখে মানুষ  
এই দেশেরই জন্য,  
এ দেশ প্রিয় মাতৃভূমি  
নয় বিক্রির পণ্য।  
শহীদেরই রক্তে বুকের  
পথ হয়েছে লাল,  
স্মৃতিগুলো অতীত হলেও  
সত্যি চিরকাল।  
স্বাধীনতা পেলাম ফিরে  
যুদ্ধ হলো শেষ,  
মুক্ত স্বাধীন হলাম সবাই  
পেলাম বাংলাদেশ।

প্রধান শিক্ষক

ইউনিক প্রগ্রেসিভ স্কুল, ময়মনসিংহ